

শাবিপ্রবিতে করোনা ভাইরাস পরীক্ষায় পিসিআর ল্যাব উদ্বোধন ও শনাক্তকরণ কার্যক্রম শুরু

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের ল্যাবে করোনাভাইরাস কোভিড-১৯-এর নমুনা পরীক্ষার জন্য পিসিআর ল্যাবের উদ্বোধন করা হয়েছে। ১৮ মে বেলা ৩টায় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে এই ল্যাব উদ্বোধন করেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, সিলেট জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম, সিভিল সার্জন ডা: প্রেমানন্দ মন্ডল, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের প্রধানগণ।

১৯ মে থেকে এই ল্যাবে করোনাভাইরাস শনাক্তকরণ পরীক্ষা শুরু হয়েছে। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের পিসিআর ল্যাবের প্রয়োজনীয় সংস্কার কাজ সম্পন্ন হয়েছে। ল্যাব পরিচালনার জন্য শিক্ষকদের প্রশিক্ষণও প্রদান করা হয়েছে। ল্যাবের নিরাপত্তা ব্যবস্থায় ডবল বায়োসেইফটি কেবিনেট ব্যবহার করা হয়েছে, যা দেশের অন্যান্য ল্যাবগুলোতে একটা ব্যবহার করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষাভবন 'ই' এর জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের ২২৫ নম্বর কক্ষে এ ল্যাব চালু হয়েছে।

শাবির এই ল্যাবে স্থাপনকৃত পিসিআর মেশিনে সিঙ্গেল সাইকেলে প্রতিদিন ৯৪টি নমুনা শনাক্ত করা যাবে। এতে ১ ঘণ্টা ৪০ মিনিট থেকে সর্বোচ্চ ২ ঘণ্টার মতো সময় লাগতে পারে। একইভাবে ডাবল সাইকেলে করলে প্রায় ১৮৮টির মতো নমুনা পরীক্ষা করা সম্ভব। এই ল্যাবটি পরিচালনা করছে বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ (জিইবি)। নমুনা পরীক্ষায় কাজ করতে সহযোগিতা করছেন বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিকুলার বায়োলজি (বিএমবি) বিভাগের শিক্ষকরাও। শিক্ষক-শিক্ষার্থী মিলিয়ে এ ল্যাবে মোট ২১ জন সদস্য কাজ করছেন।

প্রসঙ্গত, দেশে করোনা সংক্রমণ দেখা দেয়ার পর গত ৭ এপ্রিল থেকে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজে পিসিআর ল্যাবে নমুনা পরীক্ষা শুরু হয়। সিলেটে কেবল একটা ল্যাব থাকায় নমুনা পরীক্ষায় ফল পেতে অনেকটা সময় লেগে যাওয়ায় নমুনা জট কমাতে কিছুদিন পরপর ঢাকায় নমুনা পাঠানো হয়। শাবির এই ল্যাব চালু হওয়ায় এ সংকট দূর হবে বলে সংশ্লিষ্টরা জানান। উল্লেখ্য শাবিপ্রবিতে রোগীর কাছ থেকে সরাসরি কোন ধরনের নমুনা সংগ্রহ করে পরীক্ষা করা হয় না। সিলেট এবং সুনামগঞ্জ স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো নমুনা শাবিপ্রবির ল্যাবে পাঠানোর পর সেখানে পরীক্ষা করা হয়।